

স্মারক নং-৫৬.০৪.৮৫০০.০০১.২৫.০০১.১৯-১৬

তারিখঃ ১৫/০৯/২০১৯ খ্রি.

বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সর্বসাধারণের অবগতির জন্য উল্লেখ করা যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ৩০ মে ২০১৯ তারিখের ৫৬.০৪.০০০০.০১০.২০.০০২.১৮.১০৪২ সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জেলা প্রশাসন, রংপুর এর তত্ত্বাবধানে জেলা পর্যায়ে ২০ (বিশ) জন প্রশিক্ষার্থীর সমন্বয়ে আগামী ০১ অক্টোবর ২০১৯ তারিখ থেকে ১৫ (পনের) দিনব্যাপী আউটসোর্সিং প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাধীনে প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ১। শিক্ষাগত যোগ্যতাঃ সর্বনিম্ন এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ২। বেসিক আইসিটি, ইন্টারনেট ব্রাউজিং ও বেসিক ফটোশপের দক্ষতা থাকতে হবে।
- ৩। ফ্রিল্যান্সিংকে পেশা হিসেবে গ্রহণে ইচ্ছুক এমন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। She Power Project এর কোন প্রশিক্ষার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- ৫। আবেদনে (ক) নাম, (খ) মাতার নাম, (গ) পিতার নাম, (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (ঙ) শিক্ষাগত যোগ্যতা, (চ) অভিজ্ঞতা (যদি থাকে), (ছ) জন্ম তারিখ, (জ) বয়স, (ঝ) লিঙ্গ, (ঞ) জাতীয়তা, (ট) মোবাইল নম্বর উল্লেখসহ ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি, (ঠ) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি, (ড) বেসিক আইসিটি, ইন্টারনেট ব্রাউজিং ও বেসিক ফটোশপের দক্ষতা সম্পন্ন সার্টিফিকেটের ছায়ালিপি এবং জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের ছায়ালিপি সংযুক্ত করতে হবে।
- ৬। প্রশিক্ষার্থীর অবশ্যই ল্যাপটপ, মাল্টিপ্লাগ, মডেম ইত্যাদি থাকতে হবে।
- ৭। দরখাস্ত আগামী ২৫/০৯/২০১৯ খ্রি. তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর-এর আইসিটি শাখায় (কক্ষ নং-২১২) জমা দিতে হবে।
- ৮। প্রশিক্ষার্থীকে দৈনিক ৩০০/- টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ৯। প্রশিক্ষার্থীকে মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে।
- ১০। প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।
- ১১। দূরবর্তী প্রশিক্ষার্থীদের নিজ ব্যবস্থাপনায় থাকা-খাওয়ার ব্যবস্থা করতে হবে।
- ১২। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোসা: শুকরিয়া পারভীন)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

রংপুর

ফোনঃ ০৫২১-৬২২১২ (অফিস)

ই-মেইলঃ adceduicrangpur@mopa.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
- ২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....রংপুর; তাঁর উপজেলায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল
- ৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর (জেলা প্রশাসক, রংপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। সহকারী প্রোগ্রামার (সকল).....রংপুর; তাঁর কার্যালয়ের ওয়েব পোর্টালে আপলোড ও ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হল
- ৬। সভাপতি/সম্পাদক.....রংপুর; (বর্ণিত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় বিনামূল্যে ছাপানো/প্রচার এবং ০৩ (তিন) কপি এ কার্যালয়ে কর্মরত প্রোগ্রামার এর নিকট প্রেরণের অনুরোধসহ)
- ৭। অফিস কপি।